

কলাস্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ৩.৪

বাংলাদেশের সাহিত্য

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১০x৩=৩০

- ১। পূর্ব-পাকিস্তান আমলে ভাষা-সংস্কারের নামে সচেতনভাবে বাঙালি চেতনার বিকৃতি কীভাবে ঘটানো হয়েছিল পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো। ১০

অথবা

- ২। রবীন্দ্রনাথ অভিন্ন বাঙালি জাতিসত্তার প্রতীক। তবু রবীন্দ্রনাথকে ঘিরে পূর্ব-পাকিস্তান পর্বে মুসলমান বাঙালিদের মধ্যে যে অভিযোগ ও সংশয় তৈরি হয়েছিল তা কতটা যুক্তিসংগত—আলোচনা করো। ১০
- ৩। পূর্ব-পাকিস্তান পর্বে উনসত্তরের গণআন্দোলনকে কীভাবে ধারণ করে রাখে ‘চিলেকোঠার সেপাই’ এবং এই আত্মীকরণ কোন তাৎপর্য যোগ করে উপন্যাসের শরীরে, সে-বিষয়ে তোমার পর্যবেক্ষণ লিপিবদ্ধ করো। ১০
- ৪। “গ্রহ-নক্ষত্রের ফোকাসে গোলাপি নীল, নীলচে নীল, গোলাপি সাদা এবং নীলচে সাদা আকাশের নিচে এবং পানিকাদা কফথুতু গুমুতের ওপর পা টানতে টানতে ওসমানের চেহায়ায় নতুন ধরনের দাগ পড়ছে। এখন খাকি বলো কালো বলো, সবুজ বলো সাদা বলো—কারো সাখি নাই যে তাকে সেই ওসমান গনি বলে সনাক্ত করে”—এই পরিবর্তনের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

- ৫। ‘শকুন’ গল্পটির প্রেক্ষাপট বিচার করে সেখানে হাসান আজিজুল হক অবক্ষয়-পীড়িত বাংলাদেশের যে চিত্র তুলে ধরেছেন তার পরিচয় দাও। ১০

অথবা

- ৬। ‘অনন্য পৃথিবী’ গল্পে এরসাদের একদিকে আছে ‘জ্বলন্ত অগ্নিশিখা’র মতো জালীন, অন্যদিকে আছে ‘শান্ত সমাহিত পৃথিবী’র মতো লতিফা। এদের মাঝখানে নায়ক চরিত্রটি কীভাবে অনন্য হয়ে উঠেছে আলোচনা করো। ১০

- ৭। বাংলাদেশের কবিতায় মুখ্যত বাঙালি মুসলমানের আত্মপরিচয়ের সংকটের চালচিত্র ফুটে ওঠে কেন? তোমার পাঠ্য কয়েকটি কবিতা অবলম্বনে বিষয়টি আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা

- ৮। লিপিচিত্র কীভাবে কবিতাপাঠের ক্ষেত্রে অপরিহার্য হয়ে ওঠে তা সৈয়দ শামসুল হকের ‘গেরিলা’ কবিতা অবলম্বনে ব্যাখ্যা করো। ১০